

وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنكُمْ وَعَمِلُوا الصَّالِحَاتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْأَرْضِ كَمَا اسْتَخْلَفَ
الَّذِينَ مِن قَبْلِهِمْ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِينَهُمُ الَّذِي ارْتَضَىٰ لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُم مِّن بَعْدِ خَوْفِهِمْ أَمْنًا
يَعْبُدُونَنِي لَا يُشْرِكُونَ بِي شَيْئًا وَمَن كَفَرَ بَعْدَ ذَلِكَ فَأُولَٰئِكَ هُمُ الْفَاسِقُونَ ﴿



নং: ১৪৪৫-০৪/০৪

মঙ্গলবার, ২৬ রবিউল আখির, ১৪৪৬

২৯/১০/২০২৪ ইং

সংগ্রামে জনগণের এসব দাবীসমূহ প্রতিফলিত হয়েছে। বাংলাদেশে বিগত পাঁচ দশকে বিভিন্ন গণঅভ্যুত্থান হয়েছে, সতেরবার সংবিধান সংস্কার হয়েছে, শাসকগোষ্ঠীর চেহারা পরিবর্তন হয়েছে, কসমেটিক উন্নয়ন হয়েছে, কিন্তু জনগণের এসব আকাঙ্ক্ষার কোনটাই পূরণ হয় নাই। ইসলামী সংবিধান ধর্ম-বর্ণ-জাতি নির্বিশেষে প্রতিটি নাগরিকের মৌলিক চাহিদা অন্ন-বস্ত্র-বাসস্থান এবং অধিকারসমূহ শিক্ষা-স্বাস্থ্য-নিরাপত্তাসহ ন্যায্যবিচারের নিশ্চয়তা প্রদান করেছে। দেশের তেল-গ্যাস-বিদ্যুৎ খাতকে বেসরকারীকরণ নিষিদ্ধ করেছে এবং এই জ্বালানী খাত হতে দেশী-বিদেশী পুঁজিপতি কোম্পানীসমূহকে উচ্ছেদ করে গণমালিকানাধীন সম্পদ হিসেবে রাষ্ট্রীয় ব্যবস্থাপনায় জনগণের কল্যাণে ব্যয় করার নির্দেশ দিয়েছে। দেশের উপর মার্কিন-ব্রিটেন-ভারতের মত শত্রুরাষ্ট্রের সাথে সামরিক চুক্তিসহ আমাদের উপর তাদের আধিপত্য বিস্তারকারী সকল চুক্তি হারাম করেছে। প্রতিরক্ষাকেন্দ্রিক ভারীশিল্প স্থাপন করে দেশের সার্বভৌমত্ব রক্ষায় সামরিক বাহিনীকে শক্তিশালী করার নির্দেশ দিয়েছে। তাই একমাত্র ইসলামী সংবিধানই জনগণের আকাঙ্ক্ষা পূরণ করতে সক্ষম। এই বিষয়ে হিব্বুত তাহরীর কুর'আন-সুন্নাহ্ এর ভিত্তিতে বিস্তারিত ব্যাখ্যাসহ “খিলাফত রাষ্ট্রের সংবিধান (খসড়া)” জনগণের নিকট উপস্থাপন করেছে। সর্বোপরি, জনগণ ইসলামী সংবিধান দিয়ে রাষ্ট্র পরিচালনায় ঐক্যবদ্ধ এবং হিব্বুত তাহরীর এই সংবিধান দিয়ে রাষ্ট্র পরিচালনা করতে সম্পূর্ণ প্রস্তুত।

হে দেশবাসী, বিশেষ করে অভ্যুত্থানকারী ছাত্র-জনতা! সংবিধান সংস্কার কিংবা পুনঃলিখনের নামে কিছু কসমেটিক পরিবর্তন করে পশ্চিমাদের ব্যর্থ ধর্মনিরপেক্ষ-পুঁজিবাদী ব্যবস্থার ধারাবাহিকতা রক্ষা করার অপচেষ্টাকে প্রত্যাখ্যান করতে হবে। আপনাদেরকে ইসলামী সংবিধান এবং ইসলামী ব্যবস্থার দাবীকে শক্তিশালী করতে হবে। ইসলামী ব্যবস্থা তথা নবুয়তের আদলে খিলাফত প্রতিষ্ঠায় হিব্বুত তাহরীর-এর সাথে ঐক্যবদ্ধ হতে হবে, এবং যাদের হাতে ক্ষমতা রয়েছে তাদেরকে আহ্বান করতে হবে, তারা যেন জনগণের আকাঙ্ক্ষা পূরণে হিব্বুত তাহরীর-এর হাতে ক্ষমতা প্রদান করে। ﴿كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ...﴾ “তোমারই সর্বশ্রেষ্ঠ জাতি, তোমাদের উদ্ভব ঘটানো হয়েছে মানব জাতির জন্য ...” [সূরা আলি-ইমরানঃ ১১০]।

হিব্বুত তাহরীর / উলাই'য়াহ্ বাংলাদেশ-এর মিডিয়া অফিস